

কর্মসংস্থান ব্যাংক অফিসার্স এসোসিয়েশন  
এর কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ নির্বাচন-২০২১

নির্বাচন কমিশন কার্যালয়  
কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

সূত্র নং: কেবি/অএনি-২১/০৯

তারিখ: ১৫.০৯.২০২১

বিজ্ঞপ্তি

কর্মসংস্থান ব্যাংক অফিসার্স এসোসিয়েশন কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ নির্বাচন-২০২১ বিষয়ে নির্বাচনী আচরনবিধি জারী করা সত্ত্বেও কোনো কোনো প্রার্থী বা তার পক্ষে অন্য কেহ নির্বাচনী আচরনবিধি ভঙ্গ করছেন যা কমিশনের গোচরীভূত হয়েছে। এমতাবস্থায়, ব্যাংকের কাজের স্বার্থে নির্বাচনী প্রচার-প্রচারণার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা কঠোরভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

১। কোনো প্রার্থী বা তার পক্ষে অন্য কেহ কর্মস্থল ত্যাগ করে নির্বাচনী প্রচার চালাতে পারবেন না। শুধুমাত্র ভোটের দিন কর্মস্থল ত্যাগ করে ভোট প্রদান করতে পারবেন। এ বিষয়ে কোনো ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ গ্রহণ করা হবে।

২। নির্বাচনি প্রচার কার্যে অফিসের স্বাভাবিক কাজকর্মে ব্যাঘাত সৃষ্টি করা যাবে না। এমনকি ব্যক্তিগত, শাখার বা আঞ্চলিক কার্যালয়ের লক্ষ্যমাত্রা অর্জিত না হলে তা উপযুক্ত কর্তৃপক্ষের গোচরীভূত করা হবে।


৩। কোনো প্রার্থী দাপ্তরিক ল্যান্ডফোন বা দাপ্তরিক মোবাইল ফোন এবং দাপ্তরিক ই-মেইল ব্যবহার করে নির্বাচনি প্রচার চালাতে পারবেন না।

৪। নির্বাচনি প্রচারণায় কোনো প্রকার সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করা যাবে না।

৫। নির্বাচনি প্রচারণায় ব্যক্তিগত চরিত্রহনন করে অথবা কোনোরকম পরস্পর হিংসাত্মকমূলক, হেয় প্রতিপন্ন কিংবা ব্যক্তিগত বিদ্বেষমূলক/আক্রোশমূলক কিংবা প্রতিষ্ঠানের ভাবমূর্তি নষ্ট হয় এমন কোনো বক্তব্য প্রদান বা কোন ধরনের তিক্ত বা উস্কানিমূলক বা মানহানিকর কিংবা লিঙ্গ, সাম্প্রদায়িকতা বা ধর্মানুভূতিতে আঘাত লাগে এমন কোনো বক্তব্য প্রদান করতে পারবেন না;

৬। ভোট গ্রহণের তারিখের অব্যবহিত ৪৮ (আটচল্লিশ) ঘন্টা পূর্ব হতে সকল নির্বাচনি প্রচারণা শেষ করতে হবে।

৭। নির্বাচন কমিশনের নিকট গ্রহণযোগ্য নয় এমন যে কোনো আচরণ শৃঙ্খলা পরিপন্থী হিসেবে বিবেচিত হবে এবং এরূপ ক্ষেত্রে প্রয়োজনীয় কঠোর ব্যবস্থা গ্রহণের এখতিয়ার নির্বাচন কমিশন সংরক্ষণ করে।

  
(এ কে এম কামরুল হোসেন)  
প্রধান নির্বাচন কমিশনার

ও

উপমহাব্যবস্থাপক  
ব্যবস্থাপনা পরিচালক এর স্কোয়াড

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ:

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, কর্মসংস্থান ব্যাংক ও প্রধান উপদেষ্টা, কর্মসংস্থান ব্যাংক অফিসার্স এসোসিয়েশন;
- ০২। উপমহাব্যবস্থাপক, আইটি বিভাগ-কে বিজ্ঞপ্তিটি ব্যাংকের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।